দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP. 22 1999

পৃঃ ১৬ কলাম ৭ ...

ভর্তি ফি বৃদ্ধির প্রতিবাদ

# ছাত্র ধর্মঘটে জা'নগর বিশ্ববিদ্যালয় অচল

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ অনার্স প্রথমবর্ষে ভর্তি ফি নিয়া গতকাল মঙ্গলবার হইতে বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক ছাত্র ঐক্য, বর্ধিত ভর্তি ফি প্রতিরোধ পরিষদ, ছাত্রদল ও ছাত্রলীগ সমর্থিত সাধারণ ছাত্র-ছাত্রী কর্তৃক আহূত অনির্দিষ্টকালের ছাত্র ধর্মঘটের ফলে

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## জা'নগর বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয় কার্যতঃ অচল হইয়া পড়িয়াছে। সর্বাত্মক ছাত্র ধর্মঘটের প্রথমদিনে গতকাল কোন ক্লাস, টিউটোরিয়াল, ইয়ার ফাইনাল পরীক্ষা, প্রথম বর্ষে ভর্তি প্রক্রিয়া, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহন, সকল প্রকার প্রশাসনিক কার্যক্রমসহ সকল কর্মকাণ্ড বন্ধ ছিল। বেলা ১২টায় কর্তৃপক্ষের সহিত ছাত্র প্রতিনিধিদের এক সমঝোতা বৈঠক ব্যর্থ হইয়া যায়। বিক্ষুব্ধ ছাত্ররা বর্ধিত ভর্তি ফি প্রত্যাহারের দাবীতে সন্ধ্যা ছয়টায় ঢাকা-আরিচা মহাসড়কে এক ঘণ্টা প্রতীক অবরোধ করে। অবরোধের ফলে বিশ্ববিদ্যালয়ের উভয় পার্শ্বে নবীনগর ও সাভার পর্যন্ত ভয়াবহ যানজটের সৃষ্টি হয়। বর্ধিত ফি বাতিল করা না হইলে সর্বাত্মক ধর্মঘট অনির্দিষ্টকাল চলিবে বলিয়া আন্দোলনকারী ছাত্র নেতৃবৃন্দ জানাইয়াছে। উদ্ভূত পরিস্থিতিতে প্রথমবর্ষে ভর্তির তারিখ আগামী ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত বর্ধিত করা হইয়াছে। অপেক্ষমাণ তালিকার ভর্তির তারিখ ৯ই অক্টোবর হইতে ২১শে অক্টোবর পর্যন্ত পুনঃনির্ধারণ করা হইয়াছে।

এদিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ স্নাতক শ্রেণীর ভর্তি ফি বৃদ্ধিকে কেন্দ্র করিয়া উদ্ভূত অচলাবস্থা নিরসনের লক্ষ্যে ভিসি প্রফেসর আলাউদ্দিন আহমেদের সহিত 'ফি বৃদ্ধি প্রতিরোধ পরিষদের' নেতৃবৃন্দ এক আলোচনা সভায় মিলিত হয়। সভায় ভিসি বলেন, বিগত ৩ দিনের সমঝোতা ও সৌহার্দ্যমূলক আলোচনার প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বর্ধিত ভর্তি ফি কমানোর বিষয়ে বিবেচনা করা হইবে। সভায় পরিস্থিতি নিয়ন্ত্রণের লক্ষ্যে সিন্ডিকেট সদস্য প্রফেসর খন্দকার মুস্তাহিদুর রহমানকে আহ্বায়ক করিয়া ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হইয়াছে। কমিটির অন্যান্য সদস্য হইলেন, প্রভোস্ট কমিটির সভাপতি প্রফেসর নূরুল আলম, প্রক্টর প্রফেসর আব্দুল মান্নান চৌধুরী ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ সৈয়দ কামরুল আহসান।